

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২১.১১৮৩

তারিখ: ২০ অগ্রহাষণ ১৪২৮
০৫ ডিসেম্বর ২০২১

বিষয়: ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উপলক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: আইসিটি বিভাগের স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২৬.২৩.০৪২.১৭ (২য় খন্ড)-২৫৯; তারিখ: ১৪/১১/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে এবং মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ-এর সার্বিক তত্ত্বাবধানে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ, আইসিটি শিল্পের বিকাশ, জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠা, আইসিটি খাতে দক্ষ জনবল তৈরী ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

২। ডিজিটাল বাংলাদেশের সাফল্য ও অর্জন সকল জনগণের নিকট উপস্থাপন, তথ্যপ্রযুক্তি ব্যবহারে সচেতনতা বৃদ্ধি, তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন ভবিষ্যৎ প্রজন্ম সৃষ্টি, আইসিটি শিল্প বিকাশে গবেষণা ও উদ্ভাবনে উদ্বৃত্তকরণ, ডিজিটাল সক্ষমতা উন্নয়ন এবং তথ্যপ্রযুক্তি খাতে অনন্য অবদানের জন্য স্বীকৃতি প্রদানের লক্ষ্যে প্রতিবছরের ন্যায় আইসিটি বিভাগের উদ্যোগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০২১ তারিখে জাতীয়ভাবে দেশব্যাপী ও আন্তর্জাতিকভাবে ৫ম “ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১” (ভৌত ও অনলাইন ভিত্তিক) উদ্‌যাপিত হবে। ২০২১ সাল মাননীয় প্রধানমন্ত্রীর ‘রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ’ স্বপ্ন পূরণের পূর্তি বছর। সে লক্ষ্যে দেশের আপামর জনগণ সামাজিক দুরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে এ বিশেষ দিনটি যথাযোগ্য মর্যাদায় ও উৎসবমুখরভাবে উদ্‌যাপন করবে। ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১-এর প্রতিপাদ্য “ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ”। ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উপলক্ষ্যে মাঠপর্যায়ের নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, আগামী ১২ ডিসেম্বর ২০২১ তারিখে জাতীয়ভাবে দেশব্যাপী ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে সংযুক্ত নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:

- (১) ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ নির্দেশিকা
- (২) ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উপলক্ষ্যে গৃহীতব্য কর্মসূচি
- (৩) ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ বাজেট বিভাজন (মাঠ পর্যায়)

৫-১২-২০২১

মোঃ রেজাউল মাকচুদ জাহেদী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮ ০২-৪১০২৪০৭২

ফ্যাক্স: +৮৮ ০২-৫৫০০৬৮৮২

ইমেইল: dg@doict.gov.bd

বিতরণ :

- ১) জেলা প্রশাসক (সকল)
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৩) প্রোগ্রামার (জেলা) সকল


৪) সহকারী প্রোগ্রামার (উপজেলা) সকল

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২১.১১৮৩/১(১০)

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮
০৫ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ



৫-১২-২০২১

মোঃ রেজাউল মাকসুদ জাহেদী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)